



## মার্কিন সেনাবাহিনীতে ব্রিগেডিয়ার জেনারেল পদে প্রথম বাংলাদেশি-আমেরিকান শরীফুল খান



সংগৃহীত ছবি

বাংলাদেশি বংশোদ্ভূত মার্কিন সেনা কর্মকর্তা কর্নেল শরীফুল এম. খান পদোন্নতি পেয়ে ব্রিগেডিয়ার জেনারেলের মর্যাদায় অভিষিক্ত হয়েছেন। ১৩ জুন ওয়াশিংটন ডিসির পেন্টাগনে তার পদোন্নতি ঘোষণা করা হয় এবং ১৯ আগস্ট আনুষ্ঠানিক অভিষেক অনুষ্ঠিত হয়। এ সময় সাবেক মার্কিন রাষ্ট্রদূত এম. ওসমান সিদ্দিক উপস্থিত থেকে বলেন, “বাংলাদেশের সন্তান শরীফুল খান আজ ইতিহাস গড়লেন।”

শরীফুল খানের শপথ পাঠ করান যুক্তরাষ্ট্র স্পেস ফোর্সের ভাইস চিফ অব স্পেস অপারেশন্স জেনারেল শন ব্রাটন। বর্তমানে তিনি পেন্টাগনে ‘গোল্ডেন ডোম ফর আমেরিকা’—এর ডিরেক্টর অব স্টাফ হিসেবে দায়িত্ব পালন করছেন।

১৯৯৭ সালে ইউনাইটেড স্টেটস এয়ার ফোর্স একাডেমি থেকে স্নাতক ডিগ্রি নেওয়ার পর তিনি ওয়েবস্টার ইউনিভার্সিটি, নেভাল ওয়ার কলেজ, এমআইটি ও জর্জটাউনসহ বিভিন্ন প্রতিষ্ঠানে উচ্চশিক্ষা সম্পন্ন করেন। কর্মজীবনে তিনি স্যাটেলাইট অপারেশন, মহাকাশ নিয়ন্ত্রণ ও ক্ষেপণাস্ত্র প্রতিরক্ষা ব্যবস্থায় গুরুত্বপূর্ণ অবদান রাখেন।

তার দীর্ঘ সামরিক জীবনে তিনি কলোরাডোর শ্রিভার স্পেস ফোর্স বেসের ৩১০তম স্পেস উইংসহ একাধিক ইউনিটে নেতৃত্ব দিয়েছেন। এ অবদানের স্বীকৃতিস্বরূপ তিনি লেজিয়ন অব মেরিট, ডিফেন্স মেরিটোরিয়াস সার্ভিস মেডেলসহ নানা সামরিক পদকে ভূষিত হয়েছেন।

রাষ্ট্রদূত ওসমান সিদ্দিকের ভাষায়, “ব্রিগেডিয়ার জেনারেল শরীফুল খান শুধু মার্কিন সেনাবাহিনীরই গর্ব নন, তিনি বাংলাদেশি অভিবাসী সমাজের জন্যও এক উজ্জ্বল অনুপ্রেরণা।”